



## গানার্স ইংলিশ স্কুল (EIN:138737)

হালিশহর সেনানিবাস, চট্টগ্রাম

Website: gesctg.edu.bd, Email: gesctgbd@gmail.com

### নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

গানার্স ইংলিশ স্কুল এ নিম্নোক্ত শূন্য পদে শিক্ষক ও প্রশাসনিক জনবল নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের স্ব স্ব পদের বিপরীতে চাহিদাকৃত যোগ্যতা অনুযায়ী আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল ও গ্রেড (জা.বে. স্কে. ২০১৫ অনুযায়ী)
০১	সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা)	০২	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা, যে কোন বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। খ। ইংরেজিতে পাঠদানের সাবলীল (Fluent) দক্ষতা থাকতে হবে। গ। বিএড ডিগ্রিধারী, বিভাগীয় প্রার্থী, সহ-পাঠ্যক্রমিক কার্যক্রমে দক্ষ এবং অধিক যোগ্যতা ও পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	১৬০০০ - ৩৮৬৪০/- (১০ম গ্রেড) এবং তৎসহ অন্যান্য ভাতাদি
০২	সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)	০১	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি/সম্মান। খ। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সম্মান ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। গ। পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	(ক) ১৬০০০ - ৩৮৬৪০/- (গ্রেড ১০) এবং তৎসহ অন্যান্য ভাতাদি (অথবা, যোগ্যতা অনুযায়ী) (খ) ১২৫০০ - ৩০২৩০/- (গ্রেড ১১) এবং তৎসহ অন্যান্য ভাতাদি
০৩	সিকিউরিটি ইনচার্জ	০১	ক। কমপক্ষে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সম্মানের সিজিপিএ। খ। নিরাপত্তার কাজে সুপ্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (বয়স সর্বোচ্চ ৩৫ বছর) গ। সেনাবাহিনী থেকে অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। (অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে নিয়োগ চুক্তিভিত্তিক)।	১১৩০০ - ২৭৩০০/- (গ্রেড ১২) এবং তৎসহ অন্যান্য ভাতাদি
০৪	এডমিন সুপার	০১	ক। কমপক্ষে ২য় শ্রেণির স্নাতক/সম্মানের সিজিপিএ। কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়। খ। প্রশাসনিক কাজে সুপ্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (বয়স সর্বোচ্চ ৩৫ বছর) গ। সেনাবাহিনী থেকে অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। (অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে নিয়োগ চুক্তিভিত্তিক)।	১১৩০০ - ২৭৩০০/- (গ্রেড ১২) এবং তৎসহ অন্যান্য ভাতাদি
০৫	বিজ্ঞানাগার সহকারী/এ্যাটেনডেন্ট	০১	ক। কোন স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম ২য় বিভাগে এইচএসসি (বিজ্ঞান) পরীক্ষায় উত্তীর্ণ। খ। পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	৮৮০০ - ২১৩১০/- (গ্রেড ১৮) এবং তৎসহ অন্যান্য ভাতাদি

- আবেদনের নিয়মাবলী : প্রার্থীকে আবেদনের সাথে অধ্যক্ষ, গানার্স ইংলিশ স্কুল, হালিশহর সেনানিবাস উল্লেখপূর্বক ট্রাস্ট ব্যাংকের অনুকূলে ১নং ও ২নং পদের জন্য ৫০০ টাকা এবং ৩নং থেকে ৫ নং পদের জন্য ৩০০ টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনের ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে প্রতিষ্ঠানের হেল্প ডেস্ক হতে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করতে পারবেন (এডমিন অফিসার- ০১৭৬৯২৫৩৯৬৬ (সকাল ১০টা হতে দুপুর ২টা) অথবা ইমেইল- gesctgbd@gmail.com)
- আবেদন পত্রের সাথে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ আগামী ১৩/০৮/২০২৫ তারিখ প্রতিষ্ঠানের ঠিকানায় (অধ্যক্ষ, গানার্স ইংলিশ স্কুল, হালিশহর সেনানিবাস ২নং গেইট, চট্টগ্রাম) সরাসরি/কুরিয়ার/ডাকযোগে পাঠাতে হবে।
- আবেদনের শেষ তারিখ : ১৩/০৮/২০২৫ তারিখ পর্যন্ত। উল্লেখিত সকল পদের আবেদনের ক্ষেত্রে (সিকিউরিটি ইনচার্জ, এডমিন সুপার ব্যতীত) ১৩/০৮/২০২৫ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।
- লিখিত পরীক্ষা : সকল পদের লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে যথাসময়ে এসএমএস অথবা ফোনকলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- শর্তাবলী : প্রার্থীদেরকে উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অধ্যক্ষ  
গানার্স ইংলিশ স্কুল